



মহাপরিচালক সমাজসেবা অধিদপ্তর

ই-৮/বি-১, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
ফোন: +৮৮-০২-৫৫০০৭০২৪ (অঃ), ফ্যাক্স: +৮৮-০২-৯১৩৮৩৭৫
ই-মেইল: dg@dss.gov.bd, ওয়েব: www.dss.gov.bd



প্রিয় সুধী,


আসসালামু ওয়ালাইকুম। COVID-19 ভাইরাস বিস্তারের ফলে সারা বিশ্বের মানব জাতির জন্য সৃষ্ট এই সংকটময় অবস্থা সম্পর্কে একজন সচেতন, বিবেকবান মানুষ হিসেবে আপনি নিশ্চয়ই চিন্তিত ও উদ্ভিগ্ন। বাংলাদেশে আমরাও এই মহা-বিপদের ঝাঁকি থেকে মুক্ত নই। পৃথিবী জুড়ে দেশে দেশে এখন চলছে লকডাউন - থেমে যাচ্ছে শিল্প/কল-কারখানা, ব্যবসা/বাণিজ্য, বন্দরে নোঙ্গরে আটকা জলযান, উড়ছেনা প্লেন, ঘুরছেনা গাড়ীর চাকা। প্রতিনিয়ত মানুষ কর্মহীন হচ্ছে, বন্দ হচ্ছে আয়ের উৎস। সঞ্চিত অর্থ যার হাতে নেই তার জন্য তুলনামূলক বিপদ এখন অনেক বেশী। এক দিকে করোনা ভীতি অন্যদিকে জীবন/জীবিকার তাগিদ। আমাদের দেশে এ মুহূর্তে এ ধরনের সমস্যার সম্মুখীন হওয়া মানুষের সংখ্যা অনেক। বৃহত্তর জনস্বার্থে ঘরে থাকা যেমন তাদের দায়িত্ব, আবার আমাদেরও দায়িত্ব হচ্ছে তাদেরকে ঘরে রাখার ব্যবস্থা করা। তাদের ঘরে রাখতে হলে তাদের নিকট জীবন ধারণের ন্যূনতম সামগ্রী পৌঁছে দিতে হবে। সমাজসেবা অধিদপ্তরের আওতায় নিবন্ধীকৃত সেবামূলক সংগঠনের সংখ্যা ছাপ্পান্ন হাজার। তার মধ্যে আপনার সংগঠন অন্যতম। প্রতিটি সংগঠন থেকে দিনে দুটি পরিবারের নিকট প্রয়োজনীয় সামগ্রী পৌঁছে দেয়া হলে প্রতিদিন এক লক্ষ বার হাজার পরিবার উপকৃত হবে। আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি করোনা ভাইরাস মোকাবেলার এই যুদ্ধে আপনি ও আপনার সংগঠন আমাদের সাথে शामिल হয়েছেন।

এমতাবস্থায় আপনার সংগঠনের কার্যক্রম সম্পর্কে আমাদের অবহিত করার অনুরোধসহ একসাথে করোনা মোকাবেলার যুদ্ধে অংশগ্রহণের জন্য আপনাকে বিনীতভাবে আহ্বান জানাচ্ছি।

শুভেচ্ছান্তে

সভাপতি/সম্পাদক

.....
.....



(শেখ রফিকুল ইসলাম)

অনুলিপি: সদয় অবগতি জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা, মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য।
২. মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য।
৩. মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
৪. মাননীয় প্রধানমন্ত্রীর মুখ্য সচিবের একান্ত সচিব, মুখ্য সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
৫. সচিবের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।